দৈনিক ইনকিলাব

তারিখ 05 FEB 1987 ... ...
পৃষ্ঠা... .. ...3 কলাম..1 ... ...

بسم الله الرحمن الرحيم

الله أكبر

واعتصموا بحبل الله جميعا ولا تفرقوا

# এক নজরে ওআইসি

২· সদস্য দেশগুলোর মধ্যে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, বিজ্ঞান ও অন্যান্য প্রধান ক্ষেত্রে সহযোগিতা সংহত করা এবং বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে নিজেদের মধ্যে পরামর্শ।

৩· যে কোন ধরনের বৈষম্য, বর্ণবাদ ও ঔপনিবেশবাদের অবসান।

৪· আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

৫· ফিলিস্তিনী জনগণের বৈধ সংগ্রামে সমর্থন দান ও পবিত্র স্থানসমূহের মর্যাদা রক্ষায় অতন্দ্র প্রহরী।

৬· স্বাধীনতা, মর্যাদা ও জাতীয় অধিকার অর্জনে সংগ্রামরত সকল মুসলমানকে সর্বাত্মক সহায়তা দান।

৭· সদস্যদের মধ্যে এবং অন্যান্য দেশের মধ্যে সহযোগিতা ও সমঝোতা বৃদ্ধির জন্য একটি অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

## লক্ষ্যসমূহ

১· সদস্য দেশসমূহের মধ্যে পূর্ণ সমতা বিধান করা।

২· সদস্য দেশসমূহের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ না করা, এবং তাদের আত্মনিয়ন্ত্রণাধিকারের প্রতি সম্মান প্রদর্শন।

৩· প্রতিটি সদস্য দেশের সার্বভৌমত্ব, স্বাধীনতা ও আঞ্চলিক অখণ্ডতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন।

৪· যে কোন সংঘাতের শান্তিপূর্ণ ও ন্যায়ভিত্তিক সমাধান।

৫· সদস্য দেশের রাজনৈতিক স্বাধীনতা, জাতীয় ঐক্য ও আঞ্চলিক অখণ্ডতার বিরুদ্ধে হুমকি বা শক্তি প্রয়োগ না করা।

## আর্থিক লেনদেন সংক্রান্ত

সম্মেলন সংস্থার অর্থের সংস্থান হয় সদস্য দেশগুলোর চাঁদা ও দানের মাধ্যমে।

## সরকারী ভাষাসমূহ

ওআইসি'র কর্মকাণ্ডে সরকারী ভাষা হিসেবে আরবী, ইংরেজী ও ফরাসী ভাষা ব্যবহার করা হয়।

## তৎপরতা

বিভিন্ন সংস্থার মাধ্যমে ওআইসি রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রসমূহে ব্যাপক কর্মকাণ্ডে লিপ্ত রয়েছে। মহাসচিবের সচিবালয়ের কাজ হচ্ছে সম্মেলন সংস্থায় গৃহীত প্রস্তাবসমূহের বাস্তবায়ন করা।

**অন্তর্ভুক্ত ও অঙ্গ সংস্থাগুলো নিম্নরূপঃ**

*ক· রাজনৈতিক ক্ষেত্রেঃ*

১· জেরুজালেম কমিটি
২· আল-কুদস তহবিল (জেদ্দা)
৩· ইসলামী দেশসমূহের সম্প্রচার সংস্থাগুলোর বোর্ড (জেদ্দা)
৪· ইসলামী রাজধানীসমূহের সংস্থা (মক্কা)

*খ· অর্থনৈতিক ক্ষেত্রেঃ*

১· ইসলামী উন্নয়ন ব্যাংক (জেদ্দা)
২· অর্থনৈতিক ও সাংস্কৃতিক সংক্রান্ত ইসলামী কমিশন (জেদ্দা)
৩· ইসলামী দেশগুলোর পরিসংখ্যান অর্থনীতি ও সমাজ গবেষণা সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র (আংকারা, তুরস্ক)
৪· কারিগরি, বৃত্তিমূলক প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত ইসলামী কেন্দ্র (ঢাকা, বাংলাদেশ)
৫· ইসলামী বণিক সমিতিসমূহের ফেডারেশন (করাচী, পাকিস্তান)
৬· বাণিজ্য উন্নয়ন সংক্রান্ত কেন্দ্র

*গ· সাংস্কৃতিক ও সামাজিক ক্ষেত্রেঃ*

১· ইসলামী সংহতি তহবিল (জেদ্দা)
২· ইসলামী ইতিহাস, শিল্পকলা ও সাংস্কৃতিক গবেষণা কেন্দ্র (ইস্তাম্বুল, তুরস্ক)
৩· বিজ্ঞান, প্রযুক্তি ও উন্নয়ন সংক্রান্ত ইসলামী ফেডারেশন (জেদ্দা)
৪· ইসলামী রেড ক্রিসেন্ট সংস্থা

*আরব টাইমস-এর সৌজন্যে*
*ভাষান্তরঃ রবিউল্লাহ র...*




দৈনিক ইনকিলাব
ঢাকাঃ বৃহস্পতিবার, ২২ মাঘ, ১৩৯৩

তারিখ 05 FEB 1987 ... ...
পৃষ্ঠা... .. ...3 কলাম...1 ... ...

২২শে মাঘ ১৩৯৪ বাং

আন্তর্জাতিক

# ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) সাংগঠনিক কাঠামো

ওআইসি মহাসচিব

- মহাসচিবের অফিস
- উপদেষ্টামণ্ডলী
- ইসলামী সামরিক সমন্বয় ব্যুরো
- ইসলামী বয়কট ব্যুরো

- রাজনৈতিক বিষয়ক সহকারী মহাসচিব
  - রাজনৈতিক বিভাগ
  - মুসলিম সংখ্যালঘু বিভাগ
  - তথ্য বিভাগ
- আল-কুদস আল-শরীফও
  - আল-কুদস আল-শরীফ ও ফিলিস্তিন সংক্রান্ত বিভাগ
  - আইন বিভাগ
- সাংস্কৃতিক, সামাজিক ও ইসলামী সংহতি তহবিল সংক্রান্ত সহকারী মহাসচিব
  - সাংস্কৃতিক বিভাগ
  - ইসলামী সংহতি তহবিল সংক্রান্ত কার্যকরী ব্যুরো
  - হিজরী সংক্রান্ত বিভাগ
  - নিউইয়র্ক অফিস
- প্রশাসন ও অর্থনৈতিক সংক্রান্ত সহকারী মহাসচিব
  - অর্থনৈতিক বিভাগ
  - অর্থ ও প্রশাসন বিভাগ

অঙ্গ সংগঠনসমূহ

| | | | |
|---|---|---|---|
| ইসলামী সংহতি তহবিল | ইসলামী ইতিহাস, সংস্কৃতি ও শিল্পকলা সংক্রান্ত গবেষণা কেন্দ্র | বাণিজ্য উন্নয়ন সংক্রান্ত ইসলামী কেন্দ্র | ইসলামী আইন বিজ্ঞান (ফিকাহ) একাডেমী |
| আল-কুদস আল-শরীফ তহবিল | বৃত্তিমূলক শিক্ষক প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত ইসলামী কেন্দ্র | ইন্টারন্যাশনাল ক্রিসেন্ট সংক্রান্ত ইসলামী কমিশন | বিমান চলাচল সংক্রান্ত ইসলামী পরিষদ |
| পরিসংখ্যান, অর্থনীতি ও সমাজ গবেষণা এবং প্রশিক্ষণ কেন্দ্র | বিজ্ঞান, প্রযুক্তি ও উন্নয়ন সংক্রান্ত ইসলামী ফাউণ্ডেশন | ইসলামী ঐতিহ্য সংক্রান্ত আন্তর্জাতিক কমিশন | আন্তর্জাতিক ইসলামী আইন কমিশন |

## সদস্য রাষ্ট্রসমূহ

১· আফগানিস্তান গণতান্ত্রিক প্রজাতন্ত্র
২· আলজেরিয়া জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র
৩· বাহরাইন
৪· গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
৫· ক্যামেরুন প্রজাতন্ত্র
৬· শাদ প্রজাতন্ত্র
৭· কমোরো ইসলামী প্রজাতন্ত্র
৮· জিবুতি প্রজাতন্ত্র
৯· মিসর প্রজাতন্ত্র
১০· গ্যাবন প্রজাতন্ত্র
১১· গাম্বিয়া প্রজাতন্ত্র
১২· গণপ্রজাতন্ত্রী গিনি
১৩· গিনি-বিসাউ প্রজাতন্ত্র
১৪· ইন্দোনেশিয়া প্রজাতন্ত্র
১৫· ইরান ইসলামী প্রজাতন্ত্র
১৬· ইরাক প্রজাতন্ত্র
১৭· জর্দান হাশেমী রাজতন্ত্র
১৮· কুয়েত
১৯· লেবানন প্রজাতন্ত্র
২০· মালয়েশিয়া
২১· গণ সমাজতান্ত্রিক লিবীয় আরব জামাহিরিয়া
২২· মালদ্বীপ প্রজাতন্ত্র
২৩· মালি প্রজাতন্ত্র
২৪· মৌরিতানিয়া ইসলামী প্রজাতন্ত্র
২৫· মরক্কো
২৬· নাইজার প্রজাতন্ত্র
২৭· ওমান সালতানাত
২৮· পাকিস্তান ইসলামী প্রজাতন্ত্র
২৯· ফিলিস্তিন
৩০· কাতার
৩১· সউদী আরব
৩২· সেনেগাল প্রজাতন্ত্র
৩৩· সিয়েরা লিওন প্রজাতন্ত্র
৩৪· সোমালী গণতান্ত্রিক প্রজাতন্ত্র
৩৫· সুদান গণতান্ত্রিক প্রজাতন্ত্র
৩৬· সিরিয়া আরব প্রজাতন্ত্র
৩৭· তিউনিসিয়া প্রজাতন্ত্র
৩৮· তুরস্ক প্রজাতন্ত্র
৩৯· উগাণ্ডা প্রজাতন্ত্র
৪০· সংযুক্ত আরব আমীরাত
৪১· বুরকিনা ফাসো
৪২· ইয়েমেন আরব প্রজাতন্ত্র
৪৩· ইয়েমেন জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র
৪৪· গণপ্রজাতন্ত্রী বেনিন
৪৫· ব্রুনেই সালতানাত
৪৬· নাইজেরিয়া প্রজাতন্ত্র

## লক্ষ্যসমূহ

১· ইসলামী দেশসমূহের মধ্যে সংহতি জোরদার করা।